দৈনিক
ইনকিলাব

তারিখ ...01 JAN 2008...
পৃষ্ঠা 22 কলাম ৬

# ৫২ শিক্ষা প্রতিষ্ঠানের ১ সভাপতি

চান্দিনা (কুমিল্লা) উপজেলা সংবাদদাতা

কুমিল্লার চান্দিনা উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে লেজেগোবরে অবস্থার সৃষ্টি হয়েছে। উপজেলার ৬৷
শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ইউএনও একাই ৫২টি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছে
ইউএনওর সভাপতি হিসেবে দায়িত্ব পালনকৃত প্রায় শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষ
শিক্ষক ছাড়াই। এছাড়া শিক্ষকরা বেতন বিল না পাওয়ায় ২টি প্রতিষ্ঠান বন্ধ হওয়ার উপক্রম। উপজে
সাধারণ কলেজ রয়েছে ৫টি, কারিগরী কলেজ রয়েছে ১টি, হাইস্কুল ৩৩টি এবং মাদ্রাসা ২৯টি। এসব শি
প্রতিষ্ঠানের মধ্যে ইউএনও একাই ৫২টি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।
জানায়, ২০০৬ সালের ১১ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয় এক প্রজ্ঞাপনের মাধ্যমে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠা
(স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানগুলো) ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি অথবা অ্যাড
কমিটিতে সরকারী কর্মকর্তা এবং নিরপেক্ষ ও নির্দলীয় ব্যক্তিদের মনোনয়ন দেয়ার নির্দেশ প্রদান করা হ
তারপর থেকে ইউএনও দায়িত্ব নেন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর। কিন্তু ইদানীংকালে ইউএনও তার দায়িত্বপ্রাপ্ত এ
প্রতিষ্ঠানগুলোর খোঁজখবরসহ সরেজমিন না যাওয়ার কারণে প্রতিষ্ঠানগুলোর লেজেগোবরে অবস্থার স
হয়েছে। সম্প্রতি চান্দিনার সদরে অবস্থিত চান্দিনা রেদোয়ান আহম্মেদ ডিগ্রী কলেজের অধ্যক্ষ পদে স্বজনপ্রী
করে নিয়োগ দেয়াকে কেন্দ্র করে কলেজের ছাত্ররা মিছিল করে অবৈধভাবে নিয়োগ দেয়া অধ্যক্ষ
অপসারণের দাবীতে। এছাড়া ইদানীং এসএসসি পরীক্ষার ফরমফিলাপে ইউএনও দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন শি
প্রতিষ্ঠানে অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। সূত্র জানায়, ইউএনও প্রশাসনিক কা
সব সময় ব্যস্ত থাকায় সমস্যা নিরসনে তাৎক্ষণিক কোন ব্যবস্থা নেয়া সম্ভব নয়। এ কারণে শি
প্রতিষ্ঠানগুলোতে প্রশাসনিক জটিলতা বাড়ার সঙ্গে অনেক সময়ই শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিনষ্ট হচ্ছে। এ
উপজেলার সচেতন মহলের দাবী, প্রতিষ্ঠানগুলো পরিচালনার জন্য সরকারী সিদ্ধান্ত মোতাবেক নির্দলীয়
নিরপেক্ষ নির্বাচিত ব্যক্তিদের হাতে ছেড়ে দেয়া উচিত। তাহলে শিক্ষা ক্ষেত্রে প্রশাসনিক জটিলতা কমে কা
শিক্ষা ক্ষেত্রে ফিরে আসবে গতিশীলতা। তাই প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশের স্বার্থে যত দ্রুত স
প্রতিষ্ঠানের শূন্য পদ পূরণের দাবীও জানানো হয়। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযে